**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১১, ঢাকা
৯, তোপখানা রোড (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
Website: www.taxeszone11dhaka.gov.bd

নথি নং ২ই-১৭/কঃ অঃ-১১/২০২২-২০২৩/১৯৮৪

তারিখঃ ১৪ বৈশাখ, ১৪৩০
২৭ এপ্রিল, ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩ (আয়কর) স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.৩৫০/১(৩), তারিখঃ ২২/০৯/২০২২ এবং জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০২২.৩২.০২৫.২১.১৩৫/১(২), তারিখঃ ০১/১০/২০২২ অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর অঞ্চল-১১, ঢাকা এর শূন্য পদে বিধি মোতাবেক জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে ঢাকা বিভাগের স্থায়ী প্রকৃত নাগরিকদের নিকট হতে শর্তসাপেক্ষে Online-এ (http://tax11.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম) | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১ | ব্যক্তিগত সহকারী<br>গ্রেড-১৩<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/- | ১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় পারদর্শী ;<br>(খ) শর্ট হ্যান্ডে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ হতে হবে ;<br>(গ) কম্পিউটার টাইপে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে। | নরসিংদী, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলা)। |
| ০২ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/- | ১১ (এগার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(খ) কম্পিউটার টাইপে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে। | নরসিংদী, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলা)। |
| ০৩ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/- | ১১ (এগার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(খ) শর্ট হ্যান্ডে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ হতে হবে ;<br>(গ) কম্পিউটার টাইপে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে। | নরসিংদী, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলা)। |

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম) | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৯ (নয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা ;<br>(খ) কম্পিউটার টাইপে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ হতে হবে। | নরসিংদী, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলা)। |
| ০৫ | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | নরসিংদী, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলা)। |
| ০৬ | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>টাঃ ৮,২৫০-২০,০১০/- | ৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী ও শরিয়তপুর জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলা)। |
| ০৭ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>টাঃ ৮,২৫০-২০,০১০/- | ৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী ও শরিয়তপুর জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলা)। |
| ০৮ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>টাঃ ৮,২৫০-২০,০১০/- | ১৩ (তের) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী ও শরিয়তপুর জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলা)। |

অন্যান্য শর্তাবলী ঃ

১. ২২.০৫.২০২৩ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে জনপ্রশাসন মন্ত্রনালয়, বিধি-১ শাখা এর ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের নথি নং - ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ অনুযায়ী ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। ক্রমিক নং-৩ ও ৪ এ উল্লেখিত পদের বিপরীতে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা সর্বোচ্চ ১৮-৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **(http://tax11.teletalk.com.bd)** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদন সময়সীমা নিম্নরূপ :

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০২.০৫.২০২৩ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২২.০৫.২০২৩ খ্রিঃ, বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৮০ x প্রস্থ ৩০০ pixel) ও রঙ্গিন ছবি(দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণ কৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমের ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন করার পূর্বেই পূরণ কৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণ কৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ

Online এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো /সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্তন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১-৫ নং ক্রমিকের জন্য ২০০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- টাকা এবং ৬-৮ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষায় ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। একই প্রবেশপত্র দিয়ে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্যতা অনুযায়ী) এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম প্রবেশপত্রে উল্লেখ থাকবে।

**প্রথম SMS**: **TAX11**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TAX11 ABCDEF

Reply : Applicant's Name, Tk. 223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type TAX11<space>Yes<space>PIN and send to 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS**: **TAX11**<space>**Yes**<space>**PIN** and send করতে হবে 16222 নম্বরে।
Example: Tax11 Yes 12345678

Reply : Congratulations Applicant's Name, Payment Completed Successfull for TAX11 Application for (post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি (http://tax11.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্যতা অনুযায়ী) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন :

(i) User ID জানা থাকলে TAX11<space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: TAX11 Help User ABCDEF.

(ii) Pin Number জানা থাকলে TAX11<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222. Example: TAX11 Help PIN 12345678.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর কমিশনারের কার্যালয় কর অঞ্চল-১১, ঢাকা এর ওয়েবসাইট www.taxeszone11dhaka.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/tax11 ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.taxeszone11dhaka.gov.bd ওয়েবসাইট হতেও জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্য হলে টেলিটক নম্বর থেকে ১২১ এ কল করুন অথবা alljobs.query@teletalk.com.bd ev taxeszone11@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Ogranization Name : **TAX11**, Post Name, Applicant's User ID & Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৫. মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক থেকে ঝ) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙ্গিন ছবিসহ প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতি মালা অনুযায়ী উর্পযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

চ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ. গাড়ী চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

জ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

ঝ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

৬. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

৮. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৯. সার্টিফিকেট, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্ম স্থান সহ প্রদত্ত তথ্যাবলী অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. শুধুমাত্র লিখিত এবং ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১১. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান করতে প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

১২. নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

29/08/2026

(শাহরিয়ার শহীদ)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-১১, ঢাকা
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-১১, ঢাকা।